দৈনিক সংবাদ

তারিখ 10 JUL 1998
পৃষ্ঠা [illegible] কলাম ৪

সংসদে শিল্পমন্ত্রী

# রেজিস্টার্ড প্রাথমিক শিক্ষকদের সরকারি বেতন বেড়েছে

(সংসদ বার্তা পরিবেশক)

শিল্প ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতনের সরকারি অংশ বাড়ানো হয়েছে। তাদের জন্য প্রয়োজনীয় ও বাস্তবমুখী পদক্ষেপ সরকার নিচ্ছে।

গতকাল বৃহস্পতিবার সংসদে বেসরকারি সদস্য দিবসে বিএনপিদলীয় সদস্য শামসুল আলম প্রামাণিকের রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকে জাতীয়করণের এক সিদ্ধান্ত প্রস্তাবের জবাবে তিনি একথা বলেন।

শিক্ষামন্ত্রীর পক্ষে তিনি এ জবাব দিতে গিয়ে বলেন, রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সরকার প্রতি মাসে ৫শ' টাকা করে দিতেন। বর্তমান সরকার এই টাকার পরিমাণ বাড়িয়েছে। ২ বছর পর্যন্ত চাকরি হলে প্রতি মাসে ৮১২ টাকা ৫০ পয়সা, দু' বছরের ওপরে ও ৫ বছরের নিচে হলে এক হাজার ৫১ টাকা এবং ৫ বছরের ওপরে হলে এক হাজার ১শ' ৫৩ টাকা করে দেয়া হচ্ছে। ব্যাংকের মাধ্যমে তাদের অর্থ পরিশোধ করা হচ্ছে এবং চলতি বাজেটে এ খাতে ৮৬ কোটি ৪৭ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে। শুধু তাই নয়, শিক্ষকদের আমরা পে-স্কেলের অন্তর্ভুক্ত করেছি।

শামসুল আলম প্রামাণিকের সিদ্ধান্ত প্রস্তাবটি কণ্ঠভোটে নাকচ হয়ে যায়।

## দূত ঃ চিঠি পৌঁছে দিলেন

( ১ম পৃষ্ঠার পর )

শেখ হাসিনা পাকিস্তানের দূতকে বলেন, এই অঞ্চলের সমৃদ্ধি আর উন্নয়নের জন্য শান্তি খুবই দরকার।

'এই অঞ্চলের শান্তি আর স্থিতিশীলতার স্বার্থে আমরা চাই, কোন পূর্বশর্ত ছাড়াই নয়াদিল্লি ও ইসলামাবাদের মধ্যে দ্বিপক্ষীয় সংলাপ এখনই শুরু হোক।'

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, আসন্ন সার্ক শীর্ষ সম্মেলনের সময় সদস্য দেশসমূহের মধ্যে দ্বিপক্ষীয় বিষয়ে সংলাপ শুরু করার সুযোগ আছে।

পররাষ্ট্র সচিব মুস্তাফিজুর রহমান এবং বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার করম এলাহি এ সময় উপস্থিত ছিলেন।

**থাই প্রতিনিধিদলের সাক্ষাৎ ঃ** সফররত পাঁচ সদস্যের থাই প্রতিনিধিদল গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন উপ-পররাষ্ট্রমন্ত্রী সুখাম্বান্দ পরিবাত্রা।

সুখাম্বান্দ পরিবাত্রা বাংলাদেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি বঙ্গবন্ধুর স্মরণীয় উক্তি 'আমি আমার জনগণকে ভালবাসি এবং জনগণ আমাকে ভালবাসে' উল্লেখ করে বলেন, এটাই সব রাজনীতিবিদের লক্ষ্য হওয়া উচিত।

থাই মন্ত্রী বলেন, আমরা সেপ্টেম্বরে ঢাকায় বিমসটেক বৈঠকের জন্য অপেক্ষা করছি। তাছাড়া নভেম্বরেও থাইল্যান্ডে যৌথ অর্থনৈতিক কমিশনের বৈঠকের দিকেও আমরা তাকিয়ে আছি।

থাই প্রতিনিধিদলকে স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রী দু'দেশের বন্দি বিনিময় চুক্তির প্রক্রিয়া দ্রুত করার জন্য তাদের ধন্যবাদ জানান।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী, পররাষ্ট্র সচিব মুস্তাফিজুর রহমান, থাই প্রতিনিধিদলের সদস্যবৃন্দ এবং বাংলাদেশে নিযুক্ত থাই রাষ্ট্রদূত পিথ্যা পুকামান এ সময় উপস্থিত ছিলেন।

**প্রতিবন্ধী ফোরামের সাক্ষাৎ ঃ** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল বলেছেন, তার সরকার সামাজিক খাতের উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। আর এজন্য নতুন জাতীয় বাজেটে পর্যাপ্ত অর্থ বরাদ্দ দেয়া হয়েছে।

প্রতিবন্ধীদের সংগঠনের ফোরাম এনএফসিডব্লিউডি'র একটি প্রতিনিধিদল দেখা করতে গেলে প্রধানমন্ত্রী তাদের কাছে একথা বলেন। শেখ হাসিনা সামাজিক খাতে একটি সমন্বিত কর্মসূচি প্রণয়ন করতে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের সমন্বিত উদ্যোগের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

ফোরামের সভাপতি খন্দকার জহুরুল আলম দেশের মানসিক প্রতিবন্ধীদের বিভিন্ন সমস্যা সম্বলিত একটি স্মারকলিপি প্রধানমন্ত্রীর কাছে দেন। দেশের মোট জনসংখ্যার ১০ শতাংশই হচ্ছে মানসিক প্রতিবন্ধী।

**চেক হস্তান্তর ঃ** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল নাটোরের আবদুলপুর সরকারি কলেজের ছাত্র মোহাম্মদ আহসান হাবিব বকুলকে একটি চেক দেন। বিএনপির ছাত্র সংগঠন ছাত্রদলের কথিত সন্ত্রাসীরা ১৯৯৩ সালে দিনের বেলায় ক্যাম্পাসে তার হাতের কব্জি কেটে ফেলে।